দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 MAR 2003
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# রাবির বিতর্কিত প্রক্টরের পদত্যাগ নতুন প্রক্টর নিয়োগ

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রবিবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বহুল আলোচিত এবং বিতর্কিত প্রক্টর প্রফেসর নূরুল আবসারের পদত্যাগপত্র গৃহীত হয়েছে।

নতুন প্রক্টর পদে নিয়োগ পেয়েছেন গণিত বিভাগের প্রফেসর ড. শামসুল আলম সরকার। রবিবার সকাল সাড়ে ১০টার দিকে এক অনাড়ম্বর অনুষ্ঠানে নতুন প্রক্টর তাঁর দায়িত্বভার গ্রহণ করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকী সাবেক প্রক্টরের পদত্যাগপত্র গ্রহণ এবং নতুন প্রক্টর নিয়োগের ফাইলে সই করেন। সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রগুলো জানায়, সাবেক প্রক্টর প্রফেসর নূরুল আবসারের নেতৃত্বে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকদের সংগঠন 'রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব' দখল; প্রক্টরের নেতৃত্বে ১১ দল সমর্থিত ছাত্র সংগঠনের ব্যানারে গঠিত ছাত্রঐক্যের সমাবেশে হামলা; সাংবাদিকদের মারধর; সাংবাদিকদের শান্তিপূর্ণ সমাবেশ পণ্ড করে দেয়া এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথম শিক্ষক নিয়োগসংক্রান্ত ফাঁস হয়ে পড়া ক্যাসেট কেলেঙ্কারির সাথে সংশ্লিষ্ট থাকায় তিনি ক্যাম্পাসে বিতর্কিত হয়ে পড়েন। সূত্র জানায়, রাবির সাবেক প্রক্টর গত ২২ জানুয়ারি ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগপত্র উপাচার্যের নিকট পেশ করেছিলেন, যা রবিবার গৃহীত হয়েছে। পদত্যাগপত্রে ব্যক্তিগত কারণের কথা বলা হলেও প্রকৃতপক্ষে প্রফেসর নূরুল আবসার আগামী ১৯ মার্চ অনুষ্ঠিত ডিন ক্যাটাগরিতে বিএনপি-জামায়াত সমর্থক সাদা প্যানেল থেকে সিন্ডিকেট সদস্য পদে মনোনয়নপত্র দাখিল করেছেন। ইতোপূর্বে তিনি বিজ্ঞান অনুষদের ডিন নির্বাচিত হন। অন্যদিকে আওয়ামী লীগ ও বাম সমর্থক শিক্ষকদের হলুদ প্যানেল থেকে একই পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সামাজিক অনুষদের ডিন প্রফেসর জেহাদুল করিম।